

## 37650 - হাঁপানির জন্য ইনহেলার ব্যবহার করলে রোয়া ভঙ্গ হবে না

### প্রশ্ন

যে ব্যক্তি শ্বাসকষ্টে ভুগেন রম্যানের দিনের বেলায় মুখে ইনহেলার নেয়াতে কি তার রোয়া ভঙ্গ হবে

### প্রিয় উত্তর

রম্যানের দিনের বেলায় হাঁপানির ইনহেলার নিলে রোয়া ভঙ্গ হবে না।

(হাঁপানির ইনহেলার রোয়া ভঙ্গ করবে না। কেননা সেটি সংকুচিত গ্যাস যা ফুসফুসে চলে যায়; খাদ্য নয়। রোগীর এটা সব সময় প্রয়োজন; রম্যানে ও অন্য সময়ে। [বিন বাযের ফাতাওয়াদ দাওয়াহ; সংখ্যা- ৯৭৯] এবং দেখুন: "রোয়ার সত্তরটি মাসয়ালা" শীর্ষক পুস্তিকা।

শাহী উচ্চাইমীন (রহঃ) বলেন: "এই ইনহেলার বাস্প দেয়; এটি পাকস্থলিতে পৌঁছে না। তাই আমরা বলব: রোয়া অবস্থায় আপনি এই ইনহেলার ব্যবহার করতে কোন অসুবিধা নাই। এর দ্বারা আপনার রোয়া ভঙ্গ হবে না।" [সমাপ্ত][ফাতাওয়া আরকানুল ইসলাম, পৃষ্ঠা-৪৭৫]

স্থায়ী কমিটির আলেমগণ বলেন:

"হাঁপানির ওষধ যা রোগী শ্বাসনালী দিয়ে টেনে নিঃশ্বাসের সাথে ফুসফুসে নিয়ে যান; পাকস্থলিতে নয়: এটি পানাহার নয় এবং পানাহারের সাথে সাদৃশ্যপূর্ণও নয়...তাই অগ্রগণ্য মনে হচ্ছে এ ওষধ ব্যবহার করলে রোয়া ভঙ্গ হবে না।" [সমাপ্ত]

[ফাতাওয়া ইসলামিয়া (১/১৩০)]

আল্লাহহই সর্বজ্ঞ।